



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

জনসংযোগ বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং-১১৩

তারিখ: ২৭ নভেম্বর ২০১৬

## সংবাদ বিজ্ঞপ্তি

## বিএডিসি'র ৫৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর ৫৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে ২৪ নভেম্বর ২০১৬ তারিখ দিলকুশা স্থানে বিএডিসি'র সদর দপ্তর কৃষি ভবনে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। 'বদলে যাচ্ছে জলবায়ু বদলে যাচ্ছে কৃষি, টেকসই কৃষি উপকরণ যোগান দিবে বিএডিসি' এ প্রতিপাদ্যকে সামনে রেখে বিভিন্ন কর্মসূচি যথা- কার্যক্রম প্রদর্শনী, রঙ্গনাম কর্মসূচি, সংস্থার ডে-কেয়ের সেটার উদ্বোধন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তাপিকন্যা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সফল কৃষিমন্ত্রী জনাব মতিয়া চৌধুরী এমপি, অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব মোঃ মকবুল হোসেন এমপি, কৃষি সচিব জনাব মোহাম্মদ মঙ্গনউদ্দিন আবদুল্লাহ, সংসদ সদস্য বেগম মুন্বজান সোফিয়ান উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত করেন সংস্থার চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান। সভায় মহাব্যবস্থাপক (বীজ) জনাব মোঃ নুর মোহাম্মদ মন্ডল, প্রধান প্রকৌশলী (কুদুসেচ) জনাব মোঃ কামরুজ্জামান, বিএডিসি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব মোঃ মিজানুর রহমান, উপপ্রিচালক (বীপ্তকে) জনাব মোঃ মুকসুদ আলম খান (মুকুট) ও বিএডিসি'র সিবিএ'র সভাপতি জনাব মোঃ কুতুব উদ্দিন বক্তৃত্ব প্রদান করেন। উল্লেখ্য, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), তদনিষ্ঠন পূর্ব পাকিস্তান কৃষি উন্নয়ন কর্পোরেশন নামে কৃষি উন্নয়ন কর্পোরেশন অধ্যাদেশ, ১৯৬১ এর মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটি ১৯৬১ সালের ১৬ অক্টোবর প্রতিষ্ঠার ৫৫ তম বর্ষ পূরণ করেছে।

মাননীয় কৃষিমন্ত্রী প্রধান অতিথির বক্তৃতায় বলেন, বর্তমান সরকার কৃষি উন্নয়নের মাধ্যমে দেশের আপামর জনগণের খাদ্য নিরাপত্তা নিশ্চিত ও গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচনে অঙ্গীকারাবদ্ধ। এ লক্ষ্যে পরিবর্তিত বিশ্ব ফ্রেন্ডাপট বিবেচনায় নিয়ে নিজস্ব খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা, কৃষকদের উৎপাদিত পণ্যের ন্যায় মূল্য নিশ্চিতকরণ, প্রতিকূলতা সহিষ্ণু জাত উন্নাবনের পাশাপাশি সরকারিভাবে হাইকোড জাত উন্নাবন ও সম্প্রসারণে সরকার কাজ করে যাচ্ছে। জাতির জনক বজ্রবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা ও বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দক্ষ ও দুরদৃশী নেতৃত্বে দেশ আজ খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। এ লক্ষ্য অর্জনের ফলে জাতির পিতা বজ্রবন্ধু শেখ মুজিবুর রহমানের আজন্ম লালিত স্বপ্ন সোনার বাংলা বাস্তবায়ন সম্ভবপ্রয়োগ হচ্ছে।

বর্তমান সরকার কৃষি খাতকে সর্বাধিক গুরুত্ব দিয়ে যাচ্ছে। দেশের কৃষি উন্নয়ন ও সরকারের কৃষি নীতি বাস্তবায়নে বিএডিসি ফসল উৎপাদনের বিভিন্ন উপকরণ সরবরাহ করে আসছে। এ লক্ষ্যে উন্নত জাতের মানসম্পন্ন বীজ উৎপাদন, সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ, অটোমিট প্রসেসিং প্লান্ট, ডিইউমিডিফাইড গোডাউন স্থাপন, রাস্তার চুক্তির আওতায় গুণগত মানসম্পন্ন সার আমদানি ও বিতরণ, সার সংরক্ষণের জন্য স্টীল গুদাম নির্মাণ, ডি-গ্রিস পানির সর্বোত্তম ব্যবহার, জলাবদ্ধতা দূরীকরণের মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধি, আধুনিক প্রযুক্তি নির্ভর রাবার ড্যাম, হাইড্রোলিক এলিভেটেড ড্যাম, পাহাড় এলাকায় ঝিরিবাধ, ডাগওয়েল, আটিমিয়ান নলকুপ, বারিড পাইপ, ফিতা পাইপ, ডিপ ইরিগেশন, নবায়নযোগ্য জ্বালানির মাধ্যমে সেচ সুবিধা কৃতকৈর দোরগোড়ায় পৌছে দেয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। যার ফলে বিএডিসি'র কার্যক্রম পর্যায়ক্রমে সম্প্রসারিত হচ্ছে। তিনি আরও বলেন, আমরা ১০০৯ সালে যখন ক্ষমতায় আসি তখন বিএডিসি ছিল মুরুর্মু অবস্থায়। সেখান থেকে বিএডিসিকে আজকের এই অবস্থানে নিয়ে এসেছি। আমরা বিএডিসিকে মরতে দিব না, সুস্থ সবল করে তুলব।

দেশের কৃষি প্রযুক্তি অর্জনে বিএডিসি আরও গতিশীল ও জোরালো ভূমিকা পালন করবে বলে মাননীয় কৃষি মন্ত্রী আশাবাদ বক্তৃত করেন। উক্ত অনুষ্ঠানের সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ, বিএডিসি'র প্রাক্তন চেয়ারম্যানগণসহ বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ উপস্থিত ছিলেন।

২০১৬ সন ২৭ | ১১  
(শেখ মোহাম্মদ সাইফুল ইসলাম) ২০১৬  
জনসংযোগ কর্মকর্তা  
বিএডিসি, ঢাকা  
ফোন: ৯৫৫২২৫৬  
ই-মেইল: pro@badc.gov.bd